সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়
স্মারক নং: ৭০৮ তারিখ: ০৬/০৮/২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯
www.btv.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মো: জাহাঙ্গীর আলম<br>মহাপরিচালক |
| তারিখ | : | ১৫.০৭.২০২৪ খ্রি. |
| সময় | : | বিকাল ০৩:০০ টা |
| স্থান | : | সদর দপ্তরের ভবনের সভাকক্ষ |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় বিটিভির জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ৪র্থ প্রান্তিক (এপ্রিল-জুন ২০২৪) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যাদি শতভাগ সম্পাদন করায় সন্তোষ প্রকাশ করা হয়। একই সাথে গত ২৪.০৪.২০২৪ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। ১ম প্রান্তিক (জুলাই-সেপ্টেম্বর ২০২৪) এর কার্যাদি লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পাদন করার নির্দেশনা প্রদান করা হয়। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১. | বিটিভির জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২৩-২৪ অর্থ বছরের ৪র্থ প্রান্তিক (এপ্রিল-জুন ২০২৪) এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা। | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে ২০২৩-২৪ এর ৪র্থ প্রান্তিক (এপ্রিল-জুন ২০২৪) এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাপূর্বক অনুমোদন করা হয়।<br>**সিদ্ধান্ত:** ৪র্থ প্রান্তিক (এপ্রিল-জুন ২০২৪) এর অনুমোদিত অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে NIS সফটওয়্যারে আপলোড করতে হবে। | পরিচালক (প্রশাসন)<br>ও<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ০২. | ২৪.০৪.২০২৪ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন পর্যালোচনা। | ২৪.০৪.২০২৪ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনাপূর্বক অনুমোদন করা হয়।<br>**সিদ্ধান্ত:** নৈতিকতা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি ৪র্থ প্রান্তিকের প্রতিবেদনের সাথে সংযুক্তি আকারে NIS সফটওয়্যারে আপলোড করতে হবে। | পরিচালক (প্রশাসন)<br>ও<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ০৩. | চট্টগ্রাম কেন্দ্রের শিল্পী সম্মানী EFTN এর মাধ্যমে পরিশোধের উদ্যোগ গ্রহণ। | ২০২৪-২৫ অর্থ বছরে চট্টগ্রাম কেন্দ্রে EFTN এর মাধ্যমে শিল্পী সম্মানী পরিশোধের বিষয়ে সভায় আলোচনা হয়। চট্টগ্রাম কেন্দ্রের শিল্পী কলা-কুশলীদের সম্মানী চেকের মাধ্যমে পরিশোধ করা হয়। শিল্পীদেরকে চেকের মাধ্যমে পরিশোধ করায় সম্মানীর চেক গ্রহণে অনেক কালক্ষেপণ হয়। EFTN এর মাধ্যমে সম্মানী পরিশোধিত হলে শিল্পীবৃন্দের সম্মানী সরাসরি তাদের ব্যাংক হিসাবে চলে যাবে। ফলে শিল্পীরা দ্রততম সময়ে তাদের সম্মানী গ্রহণ করঁতে পারবেন। ২০২৪-২৫ অর্থ বছরে শিল্পী/কলাকুশলীদের EFTN এ সম্মানী পরিশোধের লক্ষ্যে সিনিয়র সিস্টেম এনালিস্ট প্রান্তিকভিত্তিক পরিকল্পনা গ্রহণপূর্বক প্রথম প্রান্তিকে (জুলাই-সেপ্টেম্বর ২০২৪) দরপত্র আহবানের উদ্যোগ গ্রহণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**সিদ্ধান্ত:** সিনিয়র সিস্টেম এনালিষ্ট কর্তৃক ২০২৪-২৫ অর্থ বছরে চট্টগ্রাম কেন্দ্রের শিল্পী সম্মানী EFTN এর মাধ্যমে পরিশোধের প্রান্তিকভিত্তিক পরিকল্পনা প্রণয়নপূর্বক প্রথম প্রান্তিক (জুলাই-সেপ্টেম্বর ২০২৪) এর মধ্যে দরপত্র আহবানের উদ্যোগ গ্রহণ করতে হবে। | সিনিয়র সিস্টেম এনালিস্ট<br>ও<br>জেনারেল ম্যানেজার<br>চট্টগ্রাম কেন্দ্র |

চলমান পাতা-০২

০২। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বা:/-
ড. মো: জাহাঙ্গীর আলম
মহাপরিচালক
ফোন: ৫৫১৩২২২২ (অফিস)
E-mail: dg@btv.gov.bd

নং-১৫.৫৪.০০০০.০২১.০৫.০০৫.২৪ . ১০৪৮/১ (৮)

তারিখ: ০৩ শ্রাবণ ১৪৩১ / ১৮ জুলাই ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:
(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। উপমহাপরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা
০২। উপমহাপরিচালক (অনুষ্ঠান/বার্তা), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা
০৩। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা
০৪। পরিচালক ..................................(সকল), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা
০৫। উপসচিব, প্রশাসন-৪ শাখা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র
০৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা-(কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৮। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা-
(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৯। কার্যালয় নথি

১৮.০৭.২০২৪
(মো: নাজিম উদ্দিন)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫১৩১৯৪০ (অফিস)

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়

| | |
|---|---|
| সিস্টেম এনালিস্ট | ☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| প্রোগ্রামার-১ | ☐ উপস্থাপন করুন |
| প্রোগ্রামার-২ | ☐ কথা বলুন |
| পিএ | ☐ তাগিদ দিন |
| | সিনিয়র সিস্টেম এনালিস্ট |